



The Skill Conclave & Awards 2020-2021
15th March 2021


MEDIA DOSSIER:

Print Media: Bartaman; Sangbad Pratidin; Aajkaal

BCC&I Skill Conclave & Awards2020-2021

15th March2021

Publication: Bartaman	Date: 17.03.2021
Edition: Kolkata	Page: 2



বিসিসি অ্যান্ড আইয়ের স্কিল কনক্লেভ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: নয়া শিক্ষানীতির মাধ্যমে দেশে নতুন যুগের সূচনা হবে। এই পরিস্থিতিতে দেশের আর্থিক অগ্রগতির পাশাপাশি কর্মসংস্থানের জন্য প্রয়োজন দক্ষতা বৃদ্ধি। সেকথা মাথায় রেখেই 'স্কিল কনক্লেভ অ্যান্ড অ্যাওয়ার্ডস ২০২১'-এর আয়োজন করেছিল বণিকসভা বেসরকারি চেম্বার অব কমার্সের দক্ষতা উন্নয়ন কমিটি। সোমবার বিসিসি অ্যান্ড আই চত্বরের উইলিয়ামসন মেগর হলে এই অনুষ্ঠানের আয়োজন করা

হয়েছিল। সেখানে পাঁচটি শিক্ষা প্রতিষ্ঠানকে পুরস্কৃত করে জর্জ টেলিগ্রাফ গোস্টার ম্যানেজিং ডিরেক্টর সুব্রত দত্তের নেতৃত্বাধীন স্কিল ডেভেলপমেন্ট কমিটি। যে সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হয়েছে সেগুলি হল, জেআইএস ইনস্টিটিউট অব স্কিল ডেভেলপমেন্ট, কেয়া শেঠ কলেজ অব বিউটি, টেকনো ইন্ডিয়া গ্রুপ, সুভাষ বোস ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট।

BCC&I Skill Conclave & Awards 2020-2021

15th March 2021

Publication: Sangbad Pratidin

Date: 17.03.2021

Edition: Kolkata

Page: 3



যুবক-যুবতীদের উৎকর্ষ বৃদ্ধির জন্য বিশেষ পুরস্কার পেলেন ডাক্তার টেনিগ্যাক গ্র্যাপের ম্যানেজিং ডিরেক্টর সুরত দত্ত। তাঁকে সম্মান জানাচ্ছেন বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি সভাপতি দেব এ মুখোপাধ্যায়।

দক্ষতার উৎকর্ষ বৃদ্ধিতে বেঙ্গল চেম্বারের স্বীকৃতি

জাতীয় শিক্ষানীতি ২০২০ অনুসারে সারা দেশ জুড়ে বর্তমানে দক্ষতার উৎকর্ষবৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করা হচ্ছে। এরই সঙ্গে সায়ুজ্য রেখে সোমবার, ১৫ মার্চ বেঙ্গল চেম্বার অফ কমার্স আন্ড ইন্ডাস্ট্রি (বিসিসিআই)-এর স্কিল ডেভেলপমেন্ট কমিটি আয়োজিত 'স্কিল কনফ্রেড অ্যান্ড অ্যাওয়ার্ডস ২০২১' শীর্ষক অনুষ্ঠানে এ রাজ্যের দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলিকে বিভিন্ন শ্রেণিতে পুরস্কৃত করা হয়। শিল্পক্ষেত্রের সঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানের সংযোগ সাধনে সেরা বিবেচিত হয়েছে জেআইএস ইনস্টিটিউট অফ স্কিল ডেভেলপমেন্ট, বিউটি এবং ওয়েলনেস সেক্টরে সেরা প্রতিষ্ঠান কেয়া শেঠ কলেজ অফ বিউটি, অস্ট্রোপ্রিনিওরশিপ ডেভেলপমেন্টে সেরার শিরোপা পেল টেকনো ইন্ডিয়া গ্রুপ, হসপিটালিটি সেক্টরের প্রশিক্ষণে সেরা প্রতিষ্ঠান সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট এবং বিগত একশো বছর ধরে বিবিধ কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে যুবসমাজের দক্ষতাবৃদ্ধির জন্য বিশেষ স্বীকৃতি পেল দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট। সঙ্গের ছবিতে বিসিসিআই সভাপতি দেব এ মুখার্জির হাত থেকে জর্জের তরফে সেই স্বীকৃতির মানপত্র গ্রহণ করছেন স্কিল ডেভেলপমেন্ট কমিটির প্রধান তথা দি জর্জ টেলিগ্রাফ গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর সুরত দত্ত।

